

নং-১৯.০০.০০০০.১১২.৫৬.৬১৪.২১/৮৮৬

২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ-----
১৩ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ


মন্ত্রণালয়ের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ মনিরুজ্জামান-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ দূতাবাস, ইয়ান্ডুন-এ ব্যক্তিগত কর্মকর্তা পদের বিপরীতে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ ইয়ান্ডুন-এ প্রদেয়।
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে ইয়ান্ডুন পর্যন্ত বিমানে সুলভ শ্রেণী-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে ইয়ান্ডুন পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব মোঃ মনিরুজ্জামান-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মচারী সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুঝিয়ে দিবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং গত ১৩ জুলাই ২০২২ তারিখের অফিস আদেশ নং- ১৯.০০.০০০০.১১২.৫৬.৬১৪.২১/৫১৪ (বাংলাদেশ দূতাবাস, এথেন্স-এ ব্যক্তিগত কর্মকর্তা পদের বিপরীতে বদলী আদেশ) বাতিলপূর্বক এ বদলি আদেশ জারি করা হলো।


(নাজমুল হাসান মজুমদার)
সহকারী সচিব (সংস্থাপন-২)
☎ঃ ২২৩৩৮২৯৫১


ই-মেইলঃ p2@mofa.gov.bd

নং-১৯.০০.০০০০.১১২.৫৬.৬১৪.২১/৮৮৬

২৯ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
তারিখঃ-----
১৩ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। মহাপরিচালক (প্রশাসন/ পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ-), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
০৪। সিনিয়র সহকারী/সহকারী সচিব (এসএসএ/পিএন্ডও/কনসুলার/এমবি ও ইক্যুপমেন্ট/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১ ও ২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মচারী ও তার পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।
০৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মচারী ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।
০৯। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, ইয়ান্ডুন/ এথেন্স।
১০। জনাব মোঃ মনিরুজ্জামান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১। অফিস কপি।


(নাজমুল হাসান মজুমদার)
সহকারী সচিব (সংস্থাপন-২)